দৈনিক
ইত্তেফাক

তারিখ 4 JUL 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ১৩তম ও ১৪তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা কেন অবৈধ নয়

## হাইকোর্টের রুল

■ ইত্তেফাক রিপোর্ট

১ থেকে ১২ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ রিটকারীদের নিয়োগের লিস্ট না করে ১৩তম ও ১৪তম পরীক্ষা নেওয়া কেন অবৈধ হবে না তার জবাব দিতে রুল জারি করেছে হাইকোর্ট।

একই সঙ্গে ৬৫১ জন রিটকারী শিক্ষক নিবন্ধন সনদপ্রাপ্তদের শিক্ষক, প্রভাষক হিসাবে নিয়োগ দানের জন্য তালিকা করে কেন নিয়োগ দানের নির্দেশ দেওয়া হবে না এবং জেলা-উপজেলা কোটা না করে জাতীয় মেধা তালিকা অনুযায়ী রিটকারীদের নিয়োগ দানের জন্য কেন নির্দেশ দেওয়া হবে না তারও জাবাব চাওয়া হয়েছে।

গতকাল সোমবার বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি আবু তাহের মো: সাইফুর রহমান এ রুল জারি করেন। চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, এনটিআরসিএ-এর চেয়ারম্যান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে জবাব দিতে বলা হয়েছে।

রিটকারীর আইনজীবী ড. মো: ইউনুছ আলী আকন্দ জানান, ?১ থেকে ১২তম নিবন্ধিত এনটিআরসিএ সনদপ্রাপ্ত শিক্ষক, প্রভাষক হিসাবে নিয়োগের জন্য জাতীয় মেধা তালিকা না করে শিক্ষা মন্ত্রণালয় ১৩তম এনটিআরসিএ পরীক্ষা নেয় এবং ১৪তম এনটিআরসিএ পরীক্ষার বিজ্ঞপ্তি দেয়। যা, ২০০৫ এর ৮ (ঘ) ধারা এবং উপধারা ১০(১)(২) লংঘন এবং সংবিধানের ২৭,২৮,২৯,৩১ অনুচ্ছেদ লংঘন হয়।